# কাককো বার্তা

A PICTORIAL MESSAGE OF CACCO

৩য় সংখ্যা
২০২৬










দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড

স্থাপিতঃ ০১/০৫/২০০৭ খ্রিঃ, রেজি. নং-০৫, তারিখঃ ১৯/০৭/২০১২ খ্রিঃ,১ম সংশোধিত রেজি. নং-সঅ-০১ (আইন),
তারিখঃ ০৫/০১/২০২৩ খ্রিঃ,২য় সংশোধিত রেজি. নং-সঅ-০২ (আইন), তারিখঃ ২০/০৩/২০২৪ খ্রিঃ

# দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড

**The Central Association of Christian Co-operatives (CACCO) Limited**

(স্থাপিত ঃ ১ মে, ২০০৭ খ্রিস্টাব্দ, রেজিষ্ট্রেশন নং-০৫, তারিখ ঃ ১৯ জুলাই, ২০১২ খ্রিস্টাব্দ)

নীড়-২৮, ৭৪/১ (২য় তলা) মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।

## বোর্ড অব ডিরেক্টরস্

(২৮ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ হতে ২৭ জুন, ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত)



টুটুল পিটার রড্রিকস্
চেয়ারম্যান



নিকোলাস আর. কোড়াইয়া
ভাইস-চেয়ারম্যান



কলিন্স টলেন্টিনু
সেক্রেটারি



রিচার্ড রিপন সরদার
ট্রেজারার



ডেভিড রোজারিও
ডিরেক্টর



আগষ্টিন কস্তা
ডিরেক্টর



সিলভিয়া রোজারিও
ডিরেক্টর



রোমিও ডি কস্তা
ডিরেক্টর



উইলসন রিবেরু
ডিরেক্টর



রোনাল্ড সনি গমেজ
ডিরেক্টর



আগষ্টিন বাড়ৈ টিটু
ডিরেক্টর



সোহেল থিউটনিয়াস রোজারিও
ডিরেক্টর

## চ্যাপলেইন



ফাদার ড. লিটন হিউবার্ট গমেজ, সিএসসি
চ্যাপলেইন

## অভ্যন্তরীণ নিরীক্ষা কোষ



টমাস বরুন গমেজ
আহ্বায়ক (কো-অস্ট)



প্রশান্ত নাফাক
সদস্য-সচিব (কো-অস্ট)



মিলি আইরিন এলুইশিয়াস
সদস্য (কো-অস্ট)

# সূচীপত্র

০১. নেটওয়ার্কিং (আন্তর্জাতিক ও স্থানীয়) ..........................২-২

০২. আন্তর্জাতিক প্রশিক্ষণ........................................৩-৩

০৩. প্রশিক্ষণ..................................................৪-৯

০৪. সদস্য সেবা............................................. ৯-১৩

০৫. ফোকাস গ্রুপ ডিসকাশন.................................১৪-১৬

০৬. পঞ্চ-বার্ষিকী কৌশলগত পরিকল্পনা ..........................১৭-১৭

০৭. সৃষ্টিকাল উৎযাপন......................................১৮-২১

০৮. ফাঃ চার্লস জে ইয়াং, সিএসসি এর জন্ম ও মৃত্যু বার্ষিকী উদ্‌যাপন......২২-২২

০৯. ইসিজেপি-এর ৫০ বছর পূর্তিতে কাক্‌কো..................২৩-২৩

১০. সদস্য সমিতির সভায় কাক্‌কো............................২৪-২৭

১১. ফিরে দেখা..............................................২৮-৩১

১২. নবনির্বাচিত বোর্ড.......................................৩২-৩২

১৩. ঘোষণাপত্র (৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ)................................৩৩-৩৫




# কাক্‌কো বার্তা

## বর্ষ ৩ঃ ৩য় সংখ্যা

**প্রকাশকাল ঃ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ।**

**সম্পাদকীয় পরিষদ উপদেষ্টা**

টুটুল পিটার রড্রিকস্‌

**সম্পাদকীয় পরিষদ আহবায়ক**

কলিন্স টলেন্টিনু

**বার্তা সম্পাদক**

ডমিনিক রঞ্জন পিউরিফিকেশন

**সদস্য**

নিকোলাস আর. কোড়াইয়া
উইলসন রিবেরু
বাবুল দ্রেছে

**প্রচ্ছদ পরিকল্পনা**

আইভ্যান এলড্রিন রায়
শরৎ আলফন্স রড্রিক্স

**© প্রকাশনায়**

**দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্‌ (কাক্‌কো) লিঃ**



**অফিসঃ নীড়-২৮, ৭৪/১ (২য় তলা)**
**মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।**
**ফোনঃ +৮৮ ০২-২২৩৩১৪০০৪**
**মোবাইলঃ +৮৮ ০১৩২৯-৭২২৯৮৯**
**ই-মেইলঃ info@caccoltdbd.com**
**Website : caccoltdbd.com**


# সম্পাদকীয়

**'কাক্‌কো বার্তা'** - **"A Pictorial Message of CACCO"** প্রকাশনাটি মূলত 'দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্‌ (কাক্‌কো) লিঃ-এর একটি ত্রৈ-মাসিক মুখপত্র এর বার্ষিক সংস্করণ যা ইতোমধ্যে সমবায়ীদের হৃদয়ে বিশেষ স্থান করে নিয়েছে। বর্তমান সময়ের গতিশীলতা ও আধুনিকায়নের সাথে তাল মিলিয়ে বছর শেষে সারা বছরের কার্যক্রমকে একটি ভিন্ন মাত্রায় উপস্থাপনের লক্ষ্যেই এই প্রকাশনাটিকে স্থির চিত্রের মাধ্যমে একটি বিশেষ রূপ বা **"পিক্টোরিয়াল মেসেজ"** হিসেবে রূপান্তরিত করা হয়েছে, যাতে বছরব্যাপী কাক্‌কো প্রতিটি পদক্ষেপ ও এর গৌরবময় ইতিহাস স্বচ্ছভাবে ফুটে ওঠে। আমরা বিশ্বাস করি, যেকোনো তথ্য, ধারণা এবং জ্ঞানকে বৃহত্তর পরিসরে ছড়িয়ে দেওয়ার জন্য মানসম্মত প্রকাশনার কোনো বিকল্প নেই। পৃথিবী, দেশ, সমাজ ও জীববৈচিত্র তথা সৃষ্টির সকল অংশীদারদের রক্ষায় কাক্‌কো লিঃ-এর এই ক্ষুদ্র প্রয়াস সমবায় আন্দোলনের এক অনন্য নিদর্শন।

প্রতিষ্ঠালগ্ন থেকে আজ অবধি কাক্‌কো লিঃ সমবায়ের যে শক্তিশালী ভিত তৈরি করেছে, তা আজ বাংলাদেশের ৫৮টি সমবায় সমিতির মাধ্যমে একটি সুসংগঠিত আন্দোলনে পরিণত হয়েছে। আত্মনির্ভরশীল খ্রীষ্টান সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে প্রশিক্ষণ ও নিরবচ্ছিন্ন সদস্য সেবা কার্যক্রম পরিচালনার মাধ্যমে আমরা সমবায়কে প্রতিটি দোরগোড়ায় পৌঁছে দিতে বদ্ধপরিকর। বাংলাদেশের সমবায় আইনের ইতিহাস অত্যন্ত প্রাচীন; তৎকালীন ব্রিটিশ শাসনামলে ১৯০৪ খ্রিস্টাব্দে এই পাক-ভারতীয় উপমহাদেশে প্রথম সমবায় আইন প্রণয়ন করা হয়েছিল। সেই ঐতিহ্যের ধারাবাহিকতায় বর্তমানে বাংলাদেশ সমবায় আইন ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এবং বিধিমালা ২০০৪ (সংশোধিত ২০২০) এর আইনি কাঠামোর আলোকে আমাদের সকল কার্যক্রম অত্যন্ত স্বচ্ছতার সাথে পরিচালিত হচ্ছে।

কাক্‌কো লিঃ-এর এই বিশেষ প্রকাশনাটি কেবল একটি তথ্যচিত্র নয়, বরং এটি আমাদের দেশের সাধারণ মানুষকে সমবায়ের প্রকৃত শক্তি উপলব্ধি করতে সাহায্য করবে এবং ভবিষ্যৎ প্রজন্মকে একটি বৈষম্যহীন ও সাম্যবাদী সমাজ নির্মাণে গভীরভাবে অনুপ্রাণিত করবে। বিশেষ করে জীববৈচিত্র রক্ষায় কাক্‌কো'র কৃষি ও গবাদি খামার প্রকল্পটি সম্পূর্ণ অর্গানিক বা প্রাকৃতিক পদ্ধতিতে পরিচালনা করার, ঋণ বিতরণ প্রক্রিয়ার ৬ (সি) এর অন্তর্ভুক্তি, গ্রীন কো-অপারেটিভ প্রমোশন, জলবায়ু শিক্ষা সমূহের যে উদ্যোগ আমরা গ্রহণ করেছি, তা বর্তমান বিশ্বের জলবায়ু সংকটের প্রেক্ষাপটে অত্যন্ত সময়োপযোগী। এছাড়া সমবায়ের ভিতকে আরও মজবুত করতে আমরা নিয়মিতভাবে সরকার ও সমবায় নেতৃবৃন্দকে একতাবদ্ধ করে বিভিন্ন গুরুত্বপূর্ণ মতবিনিময় সভা পরিচালনা করে আসছি।

বর্তমান ব্যবস্থাপনা কমিটির ঐকান্তিক প্রচেষ্টা ও সময়োপযোগী পদক্ষেপ এর ফলে এই **"কাক্‌কো বার্তা"** নতুন মাত্রায় ও আধুনিক আঙ্গিকে প্রকাশ করা সম্ভব হয়েছে। আমরা মনে-প্রাণে বিশ্বাস করি যে, এই চিত্রল প্রকাশনাটি সকল সমবায় সমিতির কার্যক্রম ও সফলতাকে জনসাধারণের সামনে তুলে ধরতে সহায়ক হবে এবং সমবায় আন্দোলনের মূল চেতনাকে আধুনিক ও সমন্বিত করবে। একটি বৃহৎ প্রকাশনা হিসেবে এতে কিছু অনিচ্ছাকৃত ভুল-ভ্রান্তি থাকা অস্বাভাবিক নয়। তাই সম্মানিত পাঠক ও শুভানুধ্যায়ীদের প্রতি অনুরোধ থাকবে আপনারা তা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন এবং ভবিষ্যতে এই প্রকাশনাটিকে আরও আড়ম্বরপূর্ণ ও তথ্যবহুল করার লক্ষ্যে আপনাদের যেকোনো মূল্যবান মতামত বা পরামর্শ আমরা সানন্দে গ্রহণ করব।

এই প্রকাশনাটি আলোর মুখ দেখার নেপথ্যে যারা শ্রম, মেধা ও বিভিন্নভাবে সাহায্য-সহযোগিতা করেছেন, তাদের সকলের প্রতি আমরা কৃতজ্ঞ। দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্‌ (কাক্‌কো) লিঃ-এর ব্যবস্থাপনা কমিটি, প্রশাসন ও সংশ্লিষ্ট সকল সহযোদ্ধাকে জানাই আন্তরিক ধন্যবাদ। পরিশেষে, সমবায় আন্দোলনের সাথে সম্পৃক্ত সকল সাধারণ সদস্য-সদস্যা, দূরদর্শী নেতৃবৃন্দ এবং অগণিত পাঠক-পাঠিকাগণকে জানাই ভ্রাতৃত্বপূর্ণ সমবায়ী প্রীতি ও শুভেচ্ছা।

# আন্তর্জাতিক ও স্থানীয় নেটওয়ার্কিং









আকু রেগুলেটরী ওয়ার্কসপ

# আন্তর্জাতিক প্রশিক্ষণ




প্রি – ফোরাম ওয়ার্কসপ




এশিয়ার ক্রেডিট ইউনিয়ন লিডার্স প্রোগ্রাম
কোরিয়া



৩৯ তম ডিইই ট্রেনিং, থাইল্যান্ড

# প্রশিক্ষণ

## আয়কর ও ভ্যাট বিষয়ক প্রশিক্ষণ











# প্রশিক্ষণ




নারী ও শিশু সুরক্ষা শীর্ষক প্রশিক্ষণে সহযোগী কাক্কো

# কর্মশালা



# সিসিএমএস





কাক্কো ক্রেডিট মনিটরিং সিস্টেম শীর্ষক কর্মশালা

# প্রশিক্ষণ




শিশু কল্যাণ সংগঠন ও সমবায় সমিতির দক্ষতা বিষয়ক প্রশিক্ষণে সহযোগী কাক্কো

## সমবায় সমিতির ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ

ধরেন্ডা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ









# ঋণ ব্যবস্থাপনা ও ঋণ আদায় এবং তদন্ত প্রক্রিয়া বিষয়ক প্রশিক্ষণ

## তুমিলিয়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ

















## ঢাকা শহরস্থ সাভারবাসী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ


# প্রশিক্ষণ




## ১ম পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় পরামর্শক কাক্‌কো











## প্রশিক্ষণ

# সমবায় সমিতির আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ

**বকস্‌নগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ**









## সদস্য সেবা

### অভ্যন্তরীণ অডিট/হিসাব-সেবা



বাগেরহাট ক্যাথলিক চার্চে সদস্যদের নিয়ে গঠিত সমিতিতে অভ্যন্তরীণ অডিট/হিসাব-সেবা কার্যক্রম



গারো কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ - এ অডিটহিসাব-সেবা কার্যক্রম

সদস্য সেবা

# কাক্কো ক্রেডিট মনিটরিং সিস্টেম (সিসিএমএস) ইন্সটলেসন

নয়ানগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লি:





গৌরনদী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ





গারো কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ





# সদস্য সেবা

## ঋণ কার্যক্রমের আওতায় সমিতি পরিদর্শন



মাউছাইদ খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ



মঙ্গলদীপ কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ



বাগেরহাট ক্যাথলিক চার্চের সদস্যদের সমিতি পরিচালনার বিষয়ে সহভাগিতা



## জমি প্রকল্পে বিনিয়োগ কার্যক্রম



## জমি প্রকল্পে বিনিয়োগ কার্যক্রম

সেন্ট এ্যান্থনি সেন্টার, ভূরুলিয়া, কালিগঞ্জ।











## ঋণ কার্যক্রম

# মতবিনিময় সভা

## ফোকাস গ্রুফ ডিসকাসন
## কাক্কো পঞ্চ-বার্ষিক পরিকল্পনা
## (২০২৫-২০৩০)

### ১৮ গ্রাম অঞ্চলের সমবায়-সমিতিসমূহ








মতবিনিময় সভা

# ফোকাস গ্রুফ ডিসকাসন
# কাক্কো পঞ্চ-বার্ষিক পরিকল্পনা

বৃহত্তর ঢাকা অঞ্চলের সমবায়-সমিতিসমূহ









# মতবিনিময় সভা

## ফোকাস গ্রুফ ডিসকাসন
## কাক্কো পঞ্চ-বার্ষিক পরিকল্পনা

ভাওয়াল অঞ্চলের সমবায়-সমিতিসমূহ







# সদস্য সমিতিদের নিয়ে
# কাক্কো পঞ্চ-বার্ষিক কৌশলগত পরিকল্পনা

**FGD থেকে প্রাপ্ত তথ্যের উপর গণতান্ত্রিক পদ্ধতিতে সদস্য সমিতির প্রতিনিধিদের নিয়ে পঞ্চ-বার্ষিকী কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করা হয়।**
















# সৃষ্টিকাল উদ্‌যাপন


## কাক্কো গবাদি প্রাণি ও খামার প্রকল্পে






## ওয়েবিনার





# সৃষ্টিকাল উদ্‌যাপন

## কাক্কো গবাদি প্রাণি ও খামার প্রকল্পে









# সৃষ্টিকাল উদ্‌যাপন

## কাক্কো গবাদি প্রাণি ও খামার প্রকল্পে











## কাক্কো গবাদি প্রাণি ও খামার প্রকল্পে







# ফাঃ চার্লস জে. ইয়াং সিএসসি, এর জন্ম ও মৃত্যু বার্ষিকী উদ্‌যাপন






# The Episcopal Commission for Justice and Peace

সিবিসিবি সেন্টার, মোহাম্মদপুর, ঢাকা

## ৫০ বছর পূর্তিতে সহযোগী কাক্কো লিঃ











# সদস্য সমিতির সভায় অংশগ্রহন

## দি খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ, ঢাকা






## চড়াখোলা খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ








## নাগরী খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ



## কাফরুল খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ







## দড়িপাড়া খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ



## নয়ানগর খ্রীষ্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ




## মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ



# ফিরে দেখা ২০০৭ খ্রীঃ – ২০২৪ খ্রীঃ

















# ফিরে দেখা ২০০৭ খ্রীঃ – ২০২৪ খ্রীঃ












# ফিরে দেখা ২০০৭ খ্রীঃ – ২০২৪ খ্রীঃ









## ফিরে দেখা ২০০৭ খ্রীঃ – ২০২৪ খ্রীঃ





৬ষ্ঠ ফোরাম
এজিএম
২০২৩-২০২৪

## নবনির্বাচিত বোর্ড ও শপথ গ্রহন অনুষ্ঠান





# দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রীষ্টান কো-অপারেটিভস্ (কাক্‌কো) লিমিটেড

নীড়-২৮, ৭৪/১ (২য় তলা), মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।

## 'বর্তমান সমবায় প্রেক্ষাপট ও সমবায়ীদের ভাবনা' শীর্ষক ৪র্থ ওপেন ফোরাম

তারিখ ঃ ২৯ থেকে ৩০ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ; স্থান ঃ হোটেল সী প্যালেস, কক্সবাজার।

## ৪র্থ ওপেন ফোরাম ঘোষণাপত্র

দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রীষ্টান কো-অপারেটিভস্ (কাক্‌কো) লিমিটেড কর্তৃক কক্সবাজারে হোটেল সী প্যালেস-এ ২৮ এপ্রিল থেকে ৩০ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দে 'বর্তমান সমবায় প্রেক্ষাপট ও সমবায়ীদের ভাবনা' শীর্ষক সমবায়ীদের ৪র্থ ওপেন ফোরামে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করার জন্য আমরা সর্বসম্মতভাবে সকলে নিম্নরূপ ঘোষণা প্রদান করছি ঃ-

১। টেকসই উন্নয়নের লক্ষ্যে সকল সদস্য সমিতিতে পেশাদারিত্ব প্রবর্তন করবো।
২। কাক্‌কো লিঃ-এর মাধ্যমে সমিতিসমূহে একই সফট্‌ওয়্যার ব্যবহারের মাধ্যমে ডিজিটালাইজেশনসহ কাক্‌কো ক্রেডিট মনিটরিং সিস্টেম গ্রহণ করবো।
৩। কাক্‌কো লিঃ সমবায় অধিদপ্তর হতে অনুমতি গ্রহণের মাধ্যমে বিধিবদ্ধ অডিট কার্যক্রম চালু করার কার্যকর উদ্যোগ গ্রহণ করবে।
৪। কাক্‌কো লিঃ-এর কর্মএলাকা পর্যায়ক্রমে সম্প্রসারণ করা হবে।
৫। সরকারের সাথে সমবায় সমিতির স্বার্থ রক্ষায় সমবায় বান্ধব আইন প্রণয়ণে অধিকতর যোগাযোগ রক্ষা করা, প্রয়োজনে লবিষ্ট নিয়োগ করা।
৬। ব্যবস্থাপনা পরিষদে নূন্যতম ৩০% যুব ও নারী নেতৃত্ব বৃদ্ধি করা।
৭। ৬ মাস অন্তর অন্তর সমিতিসমূহের পার্লস্ (PEARLS) গোল্ড (GOLD) রিপোর্ট কাক্‌কো'র কার্যালয়ে প্রেরণ করা।
৮। সকল খ্রীষ্টান সমিতিকে ঐক্যবদ্ধ করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা।
৯। কাক্‌কো লিঃ-এর মাধ্যমে সমন্বিতভাবে বৃহত্তর বিনিয়োগ সুযোগ সৃষ্টি করা।
১০। সমবায়ীদের দক্ষতা বৃদ্ধিতে কাক্‌কো ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা।

এই ঘোষণা বাস্তবায়নে আমরা সর্বদা সচেষ্ট থাকবো এবং ব্যবস্থাপনা কমিটিসহ সংশ্লিষ্ট সকলের সাথে সহভাগিতা করবো।

# দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিঃ

নীড়-২৮, ৭৪/১ (২য় তলা), মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫

## 'বৃহত্তর উন্নয়নের লক্ষ্যে স্মার্ট সমবায় গঠন ও পরিচালনা' বিষয়ক ৫ম ওপেন ফোরাম

তারিখ ঃ ১৯ থেকে ২৩ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ, স্থান ঃ সিলেট, বাংলাদেশ

## ৫ম ওপেন ফোরাম ঘোষণাপত্র

দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড কর্তৃক সিলেট-এ ১৯ থেকে ২৩ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দে 'বৃহত্তর উন্নয়নের লক্ষ্যে স্মার্ট সমবায় গঠন ও পরিচালনা' শীর্ষক সমবায়ীদের ৫ম ওপেন ফোরামে বিগত ফোরামের ঘোষণাপত্র ও আকু কর্তৃক গৃহীত ব্যাংকক ঘোষণাপত্র ও এসডিজি-এর ভিত্তিতে ২০৩০ সালের মধ্যে বাস্তবায়ন করার জন্য আমরা সর্বসম্মতভাবে সকলে নিম্নরূপ ঘোষণা প্রদান করছি ঃ-

১। টেকসই উন্নয়নের লক্ষমাত্রা অর্জনে সকল সদস্য সমিতিতে পেশাদারিত্ব প্রবর্তন করা হবে।

২। কাক্কো লিঃ-এর মাধ্যমে সমিতিসমূহে একই সফট্ওয়্যার ব্যবহারের মাধ্যমে ডিজিটালাইজেশনসহ কাক্কো'র পদক্ষেপ গ্রহণ করা হবে।

৩। কাক্কো লিঃ সমবায় অধিদপ্তর হতে অনুমতি গ্রহণের মাধ্যমে বিধিবদ্ধ অডিট কার্যক্রম চালু করার কার্যকর উদ্যোগ গ্রহণ করবে।

৪। সরকারের সাথে সমবায় সমিতির স্বার্থ রক্ষায় সমবায় বান্ধব আইন প্রণয়ণে অধিকতর যোগাযোগ রক্ষা করা, প্রয়োজনে লবিষ্ট (++) নিয়োগ করা।

৫। ব্যবস্থাপনা পরিষদে নূন্যতম ৩০% যুব ও নারী নেতৃত্ব বৃদ্ধি করা।

৬। ৬ মাস অন্তর অন্তর সমিতিসমূহের পার্লস্ (PEARLS) গোল্ড (GOLD) রিপোর্ট কাক্কো'র কার্যালয়ে প্রেরণ করা।

৭। খ্রীষ্টিয় আদর্শ ও মূল্যবোধ ধারণ করা এবং সমিতিকে ঐক্যবদ্ধ করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা।

৮। কাক্কো লিঃ-এর মাধ্যমে সমন্বিতভাবে বৃহত্তর গ্রীণ বিনিয়োগ সুযোগ সৃষ্টি করা।

৯। আর্থিক উন্নয়নের পাশাপাশি সমন্বিত মানবিক টেকসই উন্নয়নে কাজ করা।

১০। ২০২৮ সালের মধ্যে সকল সদস্য সমিতিতে একই ধরণের আইসিটি সফট্ওয়্যার গ্রহণ করা।

১১। উৎপাদনমুখী সমবায় উৎসাহিত করা ও প্রমোশন করা।

১২। জাতীয় পরিচয়পত্রের ব্যবহার ও সংরক্ষণ নিশ্চিত করা।

১৩। ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলা ও কার্যকরী নেতৃত্ব গঠনে নেতৃবৃন্দ ও কর্মীবৃন্দকে দক্ষ করে গড়ে তোলা।

এই ঘোষণা বাস্তবায়নে আমরা সর্বদা সচেষ্ট থাকবো এবং ব্যবস্থাপনা কমিটিসহ সংশ্লিষ্ট সকলের সাথে সহভাগিতা করবো এবং নির্ধারিত সময়ের মধ্যে একে অন্যের কাছে জবাবদিহিতা নিশ্চিত করবো।



# দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিঃ

নীড়-২৮, ৭৪/১ (২য় তলা), মনিপুরিপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫

## 'উদ্ভাবন, প্রচেষ্টা ও উৎকর্ষতার মাধ্যমে সমৃদ্ধ জীবনের জন্য সমবায়' বিষয়ক ৬ষ্ঠ ওপেন ফোরাম

তারিখ ঃ ২০ থেকে ২৩ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ, স্থান ঃ কক্সবাজার, বাংলাদেশ

## ৬ষ্ঠ ওপেন ফোরাম ঘোষণাপত্র

দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিমিটেড কর্তৃক কক্সবাজার-এ ২০ থেকে ২৩ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দে 'উদ্ভাবন, প্রচেষ্টা ও উৎকর্ষতার মাধ্যমে সমৃদ্ধ জীবনের জন্য সমবায়' শীর্ষক সমবায়ীদের ৬ষ্ঠ ওপেন ফোরামে বিগত ফোরামের ঘোষণাপত্র, আকু কর্তৃক গৃহীত ব্যাংকক ঘোষণাপত্র ও এসডিজি-এর ভিত্তিতে ২০৩০ সালের মধ্যে বাস্তবায়ন করার জন্য আমরা সর্বসম্মতভাবে সকলে নিম্নরূপ ঘোষণা প্রদান করছি ঃ-

১. টেকসই উন্নয়নের লক্ষেমাত্রা অর্জনে সকল সদস্য সমিতিতে পেশাদারিত্ব প্রবর্তন করা হবে।
২. সরকারের সাথে সমবায় সমিতির স্বার্থ রক্ষায় সমবায় বান্ধব আইন প্রণয়ণে অধিকতর যোগাযোগ রক্ষা করা, প্রয়োজনে লবিষ্ট (++) নিয়োগ করা।
৩. ব্যবস্থাপনা পরিষদে নূন্যতম ৩০% যুব ও নারী নেতৃত্ব বৃদ্ধি করা।
৪. ৬ মাস অন্তর অন্তর সমিতিসমূহের পার্লস্ (PEARLS) গোল্ড (GOLD) রিপোর্ট কাক্কো'র কার্যালয়ে প্রেরণ করা।
৫. খ্রীষ্টিয় আদর্শ ও মূল্যবোধ ধারণ করা এবং সমিতিকে ঐক্যবদ্ধ করার জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করা।
৬. কাক্কো লিঃ-এর মাধ্যমে সমন্বিতভাবে বৃহত্তর গ্রীণ বিনিয়োগ সুযোগ সৃষ্টি করা।
৭. পরিবেশ বান্ধব উৎপাদনমুখী সমবায় উৎসাহিত করা ও প্রমোশন করা।
৮. আর্থিক উন্নয়নের পাশাপাশি সমন্বিত মানবিক টেকসই উন্নয়নে কাজ করা।
৯. সকল সদস্য সমবায় সমিতিতে ডিজিটাল ব্যবস্থা নিশ্চিতকরণ এবং একই ধরণের আইসিটি সফট্ওয়্যার গ্রহণ করা।
১০. শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়নের জন্য সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করা।
১১. কাক্কো'র সদস্য সমিতিগুলোতে আমানত সংগ্রহ ও ঋণ বিনিয়োগে একই ধরণের সুদ পলিসি নির্ধারণ করা।
১২. কাক্কোসহ সদস্য সমিতিসমূহের নেতৃত্ব নির্বাচনে 'ফিট এন্ড প্রপার' পলিসি অনুসরণ করা।
১৩. সমবায় বর্ষ ২০২৫ (মূলসুর 'উন্নত বিশ্ব নির্মাণে সমবায়') এর যথাযথ প্রতিপালনে ঐক্যবদ্ধভাবে কর্মসূচী বাস্তবায়ন করা।
১৪. সমিতির প্রধান নির্বাহী কর্মকর্তাদের সমন্বয়ে সিইও ফোরাম গঠন করা।
১৫. সকল সমবায় সমিতিতে ডিজিটাল ব্যবস্থা নিশ্চিতকরণ, ডিজিটাল মিডিয়া ব্যবহার এবং মার্কেটিং করতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা।
১৬. সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক বাজারমূল্যে সমিতির শেয়ার ভ্যালু নির্ধারণ এবং ক্রয়-বিক্রয় করা।

এই ঘোষণা বাস্তবায়নে আমরা সর্বদা সচেষ্ট থাকবো এবং ব্যবস্থাপনা কমিটিসহ সংশ্লিষ্ট সকলের সাথে সহভাগিতা করবো এবং নির্ধারিত সময়ের মধ্যে একে অন্যের কাছে জবাবদিহিতা নিশ্চিত করবো।

## ভিশন

শক্তিশালী সমবায় আন্দোলনের মাধ্যমে একটি আত্মনির্ভরশীল খ্রিস্টান সমাজ প্রতিষ্ঠা।

## মিশন

দেশের খ্রিস্টান সমবায় সমিতিসমূহের মধ্যে নিবিড় যোগসূত্র স্থাপন, কারিগরি সহযোগিতা প্রদান, নিজস্ব সম্পদের সর্বোচ্চ ব্যবহার ও তথ্যের আদান-প্রদানের মাধ্যমে কার্যকর ও অর্থবহ সমবায় আন্দোলন গড়ে তুলে আর্থিকভাবে সক্ষম ও মর্যাদাশীল খ্রিস্টান সমাজ প্রতিষ্ঠা করা।

## বর্তমান প্রোডাক্ট সমূহ ঃ

১. ক্রেডিট মনিটরিং সিস্টেম।
২. আন্তঃ ঋণ কার্যক্রম।
৩. স্থায়ী আমানত।
৪. প্রশিক্ষণ কার্যক্রম।
৫. অভ্যন্তরীণ অডিট সেবা
৬. হিসাব সেবা কার্যক্রম।
৭. সদস্য সেবা কার্যক্রম।
৮. সফট্ওয়্যার সাপোর্ট সার্ভিস।
৯. আইজিএ সাপোর্ট।

# লক্ষ্য

# উদ্দেশ্যসমূহ



১ বাংলাদেশের সকল প্রাথমিক খ্রিস্টান সমবায় সমিতির মধ্যে সমবায় মূল্যবোধ ও নীতির প্রতি নিষ্ঠা বজায় রেখে আন্তঃপ্রজন্মীয় সংহতিকে গুরুত্ব দেয়া, বৃহত্তর ঐক্য ও সংহতি স্থাপন এবং একটি উন্নত, টেকসই ও মর্যাদাশীল খ্রিস্টিয় সমাজ প্রতিষ্ঠা করা।

২ খ্রিস্টান সমিতিসমূহের খেলাপী ঋণের তালিকা আদান-প্রদান করে ঋণ খেলাপী রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

৩ সদস্যদের সামগ্রিক আর্থিক সমৃদ্ধি ও সক্ষমতা বৃদ্ধিতে বিভিন্ন ধরণের আলোচনা সভা,শিক্ষা-সেমিনার, প্রশিক্ষণ, ওয়ার্কশপ, কনফারেন্স ইত্যাদির আয়োজন করা।

৪ প্রাথমিক খ্রিস্টান সমবায় সমিতিসমূহের নেতৃবৃন্দের মধ্যে যোগাযোগের মাধ্যমে বৃহত্তর ঐক্য স্থাপন করা ও আন্ত:যোগাযোগ রক্ষা করা।

৫ প্রাথমিক খ্রিস্টান সমিতিসমূহের হিসাব সেবা এবং অভ্যন্তরীণ বার্ষিক অডিট সেবা প্রদান করা।

৬ সমবায় সমিতিসমূহের মধ্যে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন প্রতিষ্ঠায় সকলকে অনুপ্রাণিত ও উৎসাহিত করা এবং এক্ষেত্রে সকলের আর্থিক প্রবেশাধিকার, জেন্ডার সমতা, যুব ও নারীদের অন্তর্ভুক্তি।

৭ একটি উদ্ভাবনী সহায়ক জলবায়ু ব্যবস্থাপনা সংস্কৃতি চর্চা গড়ে তোলা এবং সমবায়গুলির ডিজিটালাইজেশনে অবদান রাখা।

৮ সমবায় বিষয়ক নিত্য-নতুন শিক্ষা, গবেষণা ও কলা-কৌশল প্রকাশ এবং প্রসারের সংস্কৃতি গড়ে তোলা।

## স্থায়ী আমানত

১ বৎসর মেয়াদী ১১.৪০%
২ বৎসর মেয়াদী ১১.৯০%
৩ বৎসর মেয়াদী ১২.৪০%
৪ বৎসর মেয়াদী ১২.৯০%
৫ বৎসর মেয়াদী ১৩.৬৫%

## দ্বিগুন আমানত

৫ বৎসর ৯ মাস

## মাসিক সঞ্চয়

৫ বৎসর মেয়াদী ৯.৫০%
১০ বৎসর মেয়াদী ১০.০০%

## ত্রৈমাসিক বেনেফিট

৩ বৎসর মেয়াদী ১২.১৫%
৫ বৎসর মেয়াদী ১২.৭৫%

টুটুল পিটার রড্রিকস্
চেয়ারম্যান
দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিঃ।

কলিন্স টলেন্টিনু
সেক্রেটারী
দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভস্ (কাক্কো) লিঃ।



সমবায়ের মূলমন্ত্র হচ্ছে ‘সকলের তরে সকলে আমরা প্রত্যেকে আমরা পরের তরে’